

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৪৫

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

আরবী

عَن أبى أُمَامَة

إِياس بن ثعلبةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَلَا تَسْمَعُونَ؟ أَلَا تَسْمَعُونَ أَلَّا تَسْمَعُونَ أَلَّا تَسْمَعُونَ أَلَّا تَسْمَعُونَ أَلَّا تَسْمَعُونَ أَلَّا لَا يَسْمَعُونَ أَلَّا لَا يَسْمَعُونَ أَلَّا لَا يَسْمَعُونَ أَلَّا لَا يَسْمَعُونَ الْإِيمَانِ؟» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৪৩৪৫-[৪২] আবৃ উমামাহ্ ইয়াস ইবনু সা'লাবাহ্ হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা কি শুনছ না? তোমরা কি শুনছ না? (অর্থাৎ- মনোনিবেশে শুনার জন্য) সাদাসিধে জীবন-যাপন করাই ঈমানের অঙ্গ, সাদাসিধে জীবন-যাপন করাই ঈমানের অঙ্গ। (আবৃ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৪১৬১, ইবনু মাজাহ ৪১১৪, শু'আবুল ঈমান ৬৪৭০, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৭৮৬, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২০৭৪, সিলসিলাতুস্ সহীহাহ ৩৪১।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ "তোমরা কি শুনছ" বাক্যাংশটি একাধিকবার বলা দ্বারা এর পরের কথার উপর জোর দেয়া উদ্দেশ্য। "আল বাযাযাহ্" অর্থ হলো খারাপ গঠন বা আকৃতি এবং কাপড়ের জীর্ণতা। তবে এখানে বাযাযাহ্ দ্বারা পোশাক-পরিচ্ছদে নম্রতা প্রকাশকে বুঝানো হয়েছে। অর্থাৎ জরাজীর্ণ পোশাক পরিধান করার মাধ্যমে নম্রতা প্রকাশ ক্রমানের অঙ্গ। কেউ যদি চায় কখনো কখনো বিনয় ও নম্রতা প্রকাশ এবং গোপনীয়তা রক্ষার উদ্দেশে সুন্দর নয় এমন পোশাক পরিধান করবে তাহলে সেটা করা যেতে পারে। এটাই 'বাযাযাহ্' দ্বারা উদ্দেশ্য। ('আওনুল মা'বৃদ ৭ম খন্ড, হাঃ ৪১৫৭)



যদিও উত্তম হচ্ছে আল্লাহ তাঁর বান্দাকে যে নি'আমাত দিয়েছেন তা প্রকাশ করা। এজন্যই রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

إن الله يحب إذا أنعم على عبد نعمة يحب أن يرى أثر نعمته على عبده

''যখন আল্লাহ তা'আলা তার কোন বান্দাকে নি'আমাত প্রদান করেন তখন তিনি তার নি'আমাতের আলামাত তাঁর বান্দার ওপর দেখতে ভালোবাসেন।''

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ ইয়াস ইবনু সা'লাবাহ্ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন